



বাকসূতে ছাত্র সংগ্রাম পরিষদ বিজয়ী

ময়মনসিংহ, ৫ই এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)।--বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (বাকসূ) সবকটি আসনে এবং ৯টি হলের সংখ্যাগরিষ্ঠ আসনে ছাত্রসংগ্রাম পরিষদের ফায়েজুল দাদন পরিষদের প্রার্থীরা জয়লাভ করেছেন। ১ হাজার ২৭৮ ভোট পেয়ে সহ সভাপতি নির্বাচিত হয়েছেন মোঃ ফায়েজুল করিম (ছাত্রলীগ, সু-৩) ও সাধারণ সম্পাদক পদে ১ হাজার ২৪৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন আসাদুল আমিন দাদন (ছাত্র ইউনিয়ন)।

৯টি হলের ১২৬টি আসনের মধ্যে ১১৫টি আসনে ফায়েজুল দাদন পরিষদের প্রার্থীরা বিজয়ী হয়েছেন। হলগুলোতে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ৫টি, জাতীয়তাবাদী ছাত্রদল ২টি ও স্বতন্ত্র ১টি আসন ও ছাত্রলীগ (মুনা) ১টি পেয়েছে। ২টি আসনে পুনঃনির্বাচন হবে।

পেন্সিওনের এক প্রতিবেদনে পাকিস্তানের স্বল্পবাহিনীর 'অপ-বীপ্ত ও সেকেন্দা' সরঞ্জামগুলোর উন্নীতকরণের ব্যাপারটাকে অগ্রাধিকার দেয়া হয়েছে।



ফায়েজুল করিম



আসাদুল আমিন দাদন

বাকসূর নির্বাচিত অন্যান্য নেতা হচ্ছেন যুগ্ম সম্পাদক সাইফুল ইসলাম (ছাত্রলীগ, সু-৩), ক্রীড়া সম্পাদক ছাইফুল ইসলাম (ছাত্রলীগ, সু-৩), গহ-ক্রীড়া সম্পাদক ফজলে রাব্বী মওল আক্তা (ছাত্রলীগ, সু-৩), মিল-নামভূম সম্পাদক মোঃ মফিজুর রহমান (ছাত্রলীগ, সু-৩), সাহিত্য সম্পাদক কলপানন্দ রায় (ছাত্র ইউনিয়ন), বাদিকী সম্পাদক (শেখ পু: ৭-এর ক: ৫)

বাকসূ

(১ম পাতার পর)

শেখ বখতিয়ার পায়া (ছাত্রলীগ, সু-৩) প্রমোদ সম্পাদক আহসান হাবীব লিবাটি (ছাত্র ইউনিয়ন) ও সমাজকল্যাণ সম্পাদক-মাসদ পারভেজ (ছাত্রলীগ, সু-৩)। সদস্য : আলতাফ হোসেন বকল ও সৈয়দ আলী আহসান স্টু (ছাত্র ইউনিয়ন), মোঃ বেলাল হোসেন (জাতীয় ছাত্র লীগ) এবং গৌতম সরকার ও সৈয়দ আবু সাইদ বাচ্চু (ছাত্রলীগ, সু-৩)।

উল্লেখ্য, নির্বাচনে ছাত্রলীগ (সু-৩), ছাত্র ইউনিয়ন ও জাতীয় ছাত্রলীগ যৌথ প্যানেল দেয়। ছাত্র সৈয়দী, ছাত্রলীগ (মুনা) ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট যৌথভাবে এবং জাতীয়তাবাদী ছাত্রদল, বিপ্লবী ছাত্রসক, ইসলামী ছাত্র শিবির ও স্বতন্ত্র পরিষদ পৃথক পৃথকভাবে প্রতিদ্বন্দ্বিতা করে। শিবির ও ছাত্রসক কোন পদ পায়নি।

৯টি হলের কেবলমাত্র ইশা খী হলের সহ-সভাপতি পদে স্বতন্ত্র, আশরাফুল হক হলের সহ-সভাপতি পদে ছাত্রদল প্রার্থী, সুলতানা রাজিয়া হলের সাধারণ সম্পাদিকা পদে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট প্রার্থী বিজয়ী হয়েছেন। হলসমূহের অন্য সকল হল আসনে বিজয়ী হয়েছেন ফায়েজুল-দাদন পরিষদের সদস্যবৃন্দ। সুলতানা রাজিয়া হলে সাধারণ সম্পাদিকা মাত্র ১ ভোটের ব্যবধানে জয়ী হয়েছেন। এই পদের ভোট পুনঃগণনার জন্য আবেদন জানান হয়েছে।

কারণ দর্শনো নোটিশ

কয়েকজন ছাত্রকে নিয়ম বহির্ভূতভাবে ভোটার করা হয়েছে--একজন ছাত্রের এই আবেদনের প্রেক্ষিতে ময়মনসিংহের সহকারী জজের আদালত নির্বাচন পরিচালনা পরিষদের ২২ জন সদস্যের নামে কারণ দর্শাও নোটিশ জারি করেছেন।